৫০৪ সংস্থান - শিক্ষার্থী ও পিতামাতাদের জন্য নির্দেশাবলি

শেষ হালনাগাদ ৮ জুলাই ২০১৪

প্রতিবন্ধিতাযুক্তি শিক্ষার্থীদের স্কুলে পুরোপুরি অংশগ্রহণে সমর্থ করে তোলার উদ্দেশ্যে তাদের জন্য যুক্তিসঙ্গত সংস্থান জোগান সরকারি স্কুলগুলির জন্য আবশ্যক করার মাধ্যমে ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের সেকশন ৫০৪ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বৈষম্যর বিরুদ্ধে সুরক্ষা দিয়ে থাকে। এফএকিউ প্রক্রিয়ার স্তর, যোগ্যতার শর্ত, আবশ্যক নথিপত্র, এবং সংস্থান গঠনসহ সেকশন ৫০৪ সম্পর্কে তথ্য জোগায়।

পিতামাতারা অনলাইনে এই নথি থেকে অথবা তাদের সন্তানের স্কুলভিত্তিক ৫০৪ সমন্বয়করে সঙ্গে কথা বলে সেকশন ৫০৫ সম্পর্কে বিশদ জানতে পারেন।

কোন শিক্ষার্থীরা ৫০৪ সংস্থান লাভের জন্য যোগ্য?

জীবনযাপনের এক বা একাধিক গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডে বাধাগ্রস্ত করে এমন শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী সেকশন ৫০৪ এর আওতায় সংস্থান লাভের জন্য যোগ্য।

শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতা

শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতার মধ্যে থাকতে পারে, তবে এতেই সীিমাবদ্ধ নয়, শারীরিক প্রতিবন্ধিতা অথবা অবস্থা, মনস্তাত্বিক বৈকল্য, এভং সুনির্দিষ্ট শিখন প্রতিবন্ধিতা।

- সাময়িক বৈকল্য একজন শিক্ষার্থীকে বৈকল্যের ধরন, মেয়াদ, এবং তীব্রতার নিরিখে সেকশন ৫০৪ এর আওতায় সংস্থান লাভের উপযুক্ততা দিতে পারে।
- আনুষঙ্গিক বৈকল্য একজন শিক্ষার্থীকে সেকশন ৫০৪ এর আওতায় সংস্থান রাভের যোগ্য করতে পারে যদি কাজকর্মের সময় সেগুলি জীবনের কোন গুরুত্বপূর্ণ কাজে ব্যাঘাত ঘটায় (যেমন হাঁপানি)।

জীবনের গুরুত্বপূর্ণ কাজকর্ম

জীবনের গুরুত্বপূর্ণ কাজকর্মের মধ্যে থাকতে পারে, তবে এতেই সীমাবদ্ধ নয়, নিজের যত্ন নেয়া, কায়িক পরিশ্রম, হাঁটা, দেখা, শোনা, কথাবলা, নিশ্বাস নেয়া, খাওয়া, দাঁড়িয়ে থাকা, ওজন তোলা, বাঁকা হওয়া, পড়া, মনঃসংযোগ করা, চিন্তা করা, যোগাযোগ করা, শেখা, এবং কাজ করা।

যদি কোন শারীরিক বা মানসিক বৈকল্য শিক্ষার্থীকে উপর্যুক্ত এক বা একাধিক জীবনযাপন কর্মকাণ্ড সম্পাদনে বাধা দেয় তাহলে শিক্ষার্থীকে সেকশন ৫০৪ এর আওতায় সংস্থানের জন্য বিবেচনা করা হয়। প্রত্যেক শিক্ষার্থীর অবস্থা আলাদাভাবে পর্যালোচনা করা হয়।

সংস্থানের জণ্য অনুরোধের প্রক্রিয়াটি কী?

পিতামাতারা আবেদন করতে পারেন যথাযথ সেকশন ৫০৪ সংস্থানের জন্য অনুরোধ এবং/অথবা স্বাস্থ্য/চিকিত্সা সার্ভিস পূরণ করে এবং তাদের সন্তানের স্কুলভিত্তিক ৫০৪ সমন্বয়কের কাছে ফেরত দিয়ে। ৫০৪ সমন্বয়ক প্রাথমিক অনুরোধের ৩০ দিনের মধ্যে বৈঠকের সময় ঠিক করার জন্য পিতামাতাদের সঙ্গে যোগাযোগ করবেন। বৈঠকে স্কুলভিত্তিক ৫০৪ দল অনুরোধ এবং শিক্ষার্থী সম্পর্কিত অন্যান্য প্রাসঙ্গিক নথিপত্র পর্যালোচনা করবেন এবং শিক্ষার্থী সংস্থান লাভের জন্য যোগ্য কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন। যদি শিক্ষার্থীকে যোগ্য সাব্যস্ত করা হয়, তাহলে ৫০৪ দল কোন ধরনের সংস্থান সবচেয়ে উপযুক্ত সে বিষয়টিও বিবেচনা করবেন।

৫০৪ টিম বৈঠকে কারা অংশগ্রহণ করেন?

সংস্থান প্রদানের সিদ্ধান্তগ্রহণ করেন একদল ব্যক্তি যাদের শিক্ষার্থীর সামর্থ্য, পর্যালোচিত উপাত্ত ও তথ্যের অর্থ শিক্ষার্থীর চাহিদাপূরণে সক্ষম সংস্থানের ধরন(গুলি) সম্পর্কে সম্যক ধারণা আছে। স্কুলভিত্তিক ৫০৪ দল পিতামাতাদের অংশগ্রহণের জন্য অনুরোধ জানান এবং অবশ্যই নিচে উল্লিখিত কমপক্ষে দুজন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করতে হয়।

- **শিক্ষার্থীর সামর্থ্য ও দক্ষতা সম্পর্কে অবগত** (যেমন শিক্ষার্থীর শিক্ষক অথবা গাইড্যান্স কাউন্সলের)
- **প্রতিবেদন অথবা মূল্যায়ন ব্যাখ্যা করেন** (যেমন সোশাল ওয়ার্কার অথবা স্কুল সাইকোলজিস্ট)
- **শিক্ষার্থীর চাহিদাপূরণে লভ্য সংস্থানগুলির তথ্য অবহিত করেন** (যেমন সেকশন ৫০৪ সমন্বয়ক)

বৈঠকে কী ধরনের তথ্য পর্যালোচিত হয়?

৫০৪ দল কর্তৃক পর্যালোচিত তথ্য অবশ্যই নানান উত্স থেকে আসতে এবং শিক্ষার্থীর সামর্থ্য ও চাহিদা ব্যাখ্যা করতে হবে। ৫০৪ দল শিক্ষার্থীর প্রবণতা, সাফল্য, আচরণ এবং স্বাস্থ্য/চিকিত্সা চাহিদা নিরূপণে মূল্যায়ন, পর্যবেক্ষণ, শিক্ষার্থীর কাজের নমুনা, রিপোর্ট কার্ড এবং মেডিক্যাল রিপোর্ট থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করতে পারেন। শিক্ষার্থীর সামর্থ্য ও চাহিদার সেরা বিবরণ দেয় এমন যেকোন তথ্য পিতামাতা ও স্কুল কর্মচারীরা উপস্থাপন করতে পারেন।

চিকিত্সক কর্তৃক রোগনির্ণয় ও সুপারিশ

সেকশন ৫০৪ সংস্থান অনুরোধের পার্ট ২এ শিক্ষার্থীর চিকিত্সককে পূরণ করতে হবে। চিকিত্সকেরা এও সুপারিশ করতে পারেন যে স্কুল নির্দিষ্ট কিছু সংস্থান প্রদান করবে, কিন্তু সুপারিশকৃত সংস্থানগুলির যাথার্থ্য এবং, যদি ৫০৪ দল অনুমোদন দেয়, সেগুলি কীভাবে স্কুলে প্রদান করা সম্ভব সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার দায়িত্ব ৫০৪ দলের।

৫০৪ সংস্থান - শিক্ষার্থী ও পিতামাতাদের জন্য নির্দেশাবলি

শেষ হালনাগাদ ৮ জুলাই ২০১৪

যোগ্যতা কীভাবে নিরুপিত হয়?

৫০৪ দলের দায়িত্ব, কেস ভিত্তিতে, একজন শিক্ষার্থীর বৈকল্য কোন গুরুত্বপূর্ণ জীবনযাপন কর্মিকাণ্ড বিঘ্নিত করে কিনা বিবেচনা করা। একাধিক উত্স থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনার ভিত্তিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ৫০৪ দল প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিবেচনা করবে শিক্ষার্থীর বৈকল্য স্কুলে শিক্ষার্থীটির কর্মসম্পাদনা এবং/অথবা অংশগ্রহণে তাত্পর্যপূর্ণভাবে ব্যাঘাত ঘটায় কিনা।

৫০৪ সংস্থানের আওতায় যোগ্য শিক্ষার্থীদের জন্য কী কী সংস্থান লভ্য?

শিক্ষার্থীরা স্বাস্থ্য/চিকিত্সা সংস্থান, শিক্ষা সংস্থান, অথবা উভয়ের জন্যই যোগ্য হতে পারে।

- স্বাস্থ্য/চিকিত্সা সংস্থান বলতে ওষুধ দেয়া (যেমন ইনসুলিন) এবং/অথবা বিশেষায়িত চিকিত্সা সাপোর্ট (যেমন নেবুলাইজার) দেয়া বোঝায়। পিতামাতারা যথাযোগ্য ক্ষেত্রে তাদের সন্তানের স্কুলের নার্সের কাছে Medication Administration Form জমা দেন।
- শিক্ষা সংস্থানের মধ্যে থাকতে পারে ক্লাসরুমে সাপোর্ট এবং/অথবা টেস্টিং সংস্থান। পিতামাতারা তাদের সন্তানের স্কুলভিত্তিক ৫০৪ সমন্বয়েকর কাছে যথাযোগ্য ক্ষেত্রে Request for Section 504 Accommodations জমা দেন।

শিক্ষার্থীরা কি ৫০৪ প্ল্যানযুক্ত রিলেটেড সার্ভিস লাভ করতে পারে?

না। রিলেটেড সার্ভিস (অকুপেশনাল অথবা ফিজিক্যাল থেরাপি, স্পিচ থেরাপি এবং কাউন্সেলিং সার্ভিস) ৫০৪ প্ল্যানের মধ্যদিয়ে লভ্য নয়। যদি ৫০৪ এর অধীনে সংস্থান লাভের জন্য সুপারিশকৃত শিক্ষার্থীর রিলেটেড সারিভ আবশ্যক হয়, তাহলে ৫০৪ দলকে অবশ্যই উক্ত শিক্ষার্থীকে স্কুল অথবা ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশন, যা উপযুক্ত হয়, বরাবর বিশেষ শিক্ষা মূল্যায়নের জন্য সুপারিশ করতে হবে।

শিক্ষার্থীদের কি স্বাস্থ্য/চিকিত্সা সংস্থানের জন্য ৫০৪ প্ল্যান আবশ্যক হয়?

ওষুধ দিতে হয় এমন সব শিক্ষার্থীর ক্ষেত্রে ৫০৪ প্ল্যান আবশ্যক হয় না। যদি ওষুধ গ্রহণ বা স্বাস্থ্য/চিকিত্সা সেবা গ্রহণ তাদের স্কুলে সম্পূর্ণ অংশগ্রহণে ব্যাঘাত সৃষ্টি না করে তাহলে শিক্ষার্থীদের ৫০৪ সংস্থান আবশ্যক হয় না।

- ব্যাখ্যামূলক উদাহরণ ১: ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থী নার্সের অফিসে দিনে দুবার তার ইনসুলিনের লেভেল পরখ (এবং প্রয়োজনবোধে সঙ্গতিসাধন) করে। তার অপর কোন সহায়তা বা সংস্থান দরকার হয় না সুতরাং তার ৫০৪ প্ল্যান প্রয়োজন নেই।
- ব্যাখ্যামূলক উদাহরণ ২: স্কুল দিবসের নির্দিষ্ট একটি সময়ে ডায়াবেটিসযুক্ত একজন শিক্ষঅর্থীর ইনসুলিন দেয়া প্রয়োজন হয়, যা তার ক্লাসের সময়ের সঙ্গে সমাপতিত হয় ফলে কখনো কখনো ঘাটতিপূরণ কাজ আবশ্যক হয়। তার স্ন্যাকসও দরকার হয়, এভং যখন প্রয়োজন বাথরুমে যাওয়ার জন্য বিরিতি দরকার করে। এই শিক্ষার্থীর ৫০৪ প্ল্যান দরকার।

সংস্থান কীভাবে গড়ে তোলা হয়?

৫০৪ দল শিক্ষার্থীর বৈকল্যর ধরন ও তীব্রতার নিরিখে নির্ধারণ করে একজন শিক্ষার্থীর জন্য কোন কোন সংস্থান যথাযথ। এছাড়া, ৫০৪ দল স্কুলে প্রতিবন্ধী নয় এমন সহপাঠীদের সঙ্গে সমতার ভিত্তিতে অংশগ্রহণে কোন কোন সংস্থান শিক্ষার্থীটির আবশ্যক তা নির্ধঅরণ করে।

শিক্ষার্থী যোগ্য নিরুপিত হওয়র পর শিক্ষার্থী কি সবসময় সংস্থানলাভের জন্য যোগ্য?

না। ৫০৪ প্ল্যান প্রতি বছর ৫০৪ টিম কর্তৃক নবায়ন করাতে হয় (সাধারণত স্কুলবছরের শেষে)। যতক্ষণ অবধি শিক্ষার্থীর বৈকল্য শিক্ষঅর্থীর স্কুলে অংশগ্রহণ উল্লেখযোগ্যভাবে সীমিত করছে ততক্ষণ অবধি শিক্ষার্থী সংস্থান লাভের জন্য যোগ্য থাকে। বাত্সরিক নবায়ন প্রক্রিয়ার সময়ে ৫০৪ প্ল্যান প্রয়োজনমত পরিবর্তন করা যেতে পারে। যদি, বাত্সরিক নবায়ন প্রক্রিয়ার সময়ে, ৫০৪ টিম নির্ধারণ করে যে শিক্ষার্থীর বৈকল্য আর তার জীবনযাপনের কোন গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডকে সীমিত করে না, তাহলে শিক্ষার্থী আর ৫০৪ সংস্থানের জণ্য যোগ্য থাকে না এবং তার ৫০৪ প্ল্যান বন্ধ করে দেয়া হয়।

পিতামাতাদের সঙ্গে কীভাবে যোগাযোগ করা হয়?

পিতামাতাদের এনওয়াইসি ডিওই ৫০৪ নীতিমালা এবং পদ্ধতি অবহিত করার করার দায়িত্ব স্কুলের। সব স্কুল দেখা যায় এমন স্থানে পোস্ট করে এবং জানিয়ে দেয় Notice of Non-Discrimination Under Section 504.

৫০৪ দল কর্তৃক সংস্থান লাভের জন্য যোগ্যবিবেচিত শিক্ষার্থীদের পিতামাতারা লাভ করেন:

- যোগ্যতার নোটিস এবং ৫০৪ প্ল্যানের আওতায় স্কুল কর্তৃক সুপারিশকৃত সংস্থান পর্যালোচনা ও সম্মত হওয়ার সুযোগ। যদি পিতামাতারা ৫০৪ দলের নির্ধঅরণের সঙ্গে একমত না হন, তাহলে তারা স্কুলের নেটওয়ার্ হেলথ লিয়াজোঁর সঙ্গে আলাপ করতে পারেন। যোগাযোগের তথ্য স্কুল জোগাবে।
- পুনরোনুমোদনের বার্ষিক নোটিস, যা পরবর্তী স্কুল বছরের জন্য তাদের সন্তানের ৫০৪ প্ল্যান নবায়ন করতে হলে তাদের কী করতে হবে তা বর্ণা করে।

সহায়সঙ্গতি

- ফরম সহ সেকশন ৫০৪ এবং স্বাস্থ্য/চিকিত্সা সংস্থান সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন: http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms/default.htm
- টেস্টিং সংস্থান সম্পর্কে আরো জানতে: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Classroom/instruction/accommodations.htm